

🗏 আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯ : ৫৪

💵 আরবি মূল আয়াত:

🗚 🕏 অনুবাদসমূহ:

তারা তোমাকে আযাব ত্বরাম্বিত করতে বলে, আর নিশ্চয় জাহান্নাম কাফিরদেরকে পরিবেষ্টন করবে। — আল-বায়ান তারা তোমাকে তাড়াতাড়ি শাস্তি আনতে বলে। জাহান্নাম কাফিরদেরকে ঠিকই ঘেরাও করে ফেলবে। — তাইসিরুল তারা তোমাকে শাস্তি ত্বরাম্বিত করতে বলে; জাহান্নামতো কাফিরদেরকে পরিবেষ্টন করবেই। — মুজিবুর রহমান They urge you to hasten the punishment. And indeed, Hell will be encompassing of the disbelievers — Sahih International

৫৪. তারা আপনাকে শাস্তি ত্বরাম্বিত করতে বলে, আর জাহান্নাম তো কাফিরদেরকে পরিবেষ্টন করবেই।

তাফসীরে জাকারিয়া

- (৫৪) ওরা তোমাকে শাস্তি ত্বরাম্বিত করতে বলে। আর জাহান্নাম তো অবিশ্বাসীদেরকে অবশ্যই পরিবেষ্টন করবে। [1]
 - [1] প্রথম শ্রেট্রাই খবর রূপে বর্ণিত হয়েছে এবং দ্বিতীয়টি আশ্চর্য প্রকাশরূপে। অর্থাৎ এটা আশ্চর্যের বিষয় যে, শাস্তির স্থান জাহান্নাম তাদেরকে আপন পরিবেষ্টনে রেখেছে। এর পরেও তারা শাস্তির জন্য তাড়াতাড়ি করছে? অথচ প্রতিটি জিনিস যা আসবে তা অতি নিকটবর্তীই হয়, তাকে তারা দূরে কেন ভাবছে? অথবা তা তাকীদের জন্য পুনরুক্ত হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3394

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন